# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইকামতের কালেমাগুলো দুই দুইবার করে উচ্চারণ করা।

باب مَا جَاءَ أَنَّ الإِقَامَةَ مَثْنَى مَثْنَى

---

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدٍ الأَشَجُّ، حَدَّثَنَا عُقْبَةُ بْنُ خَالِدٍ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ، قَالَ كَانَ أَذَانُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم شَفْعًا شَفْعًا فِي الأَذَانِ وَالإِقَامَةِ " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ رَوَاهُ وَكِيعٌ عَنِ الأَعْمَشِ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى قَالَ حَدَّثَنَا أَصْحَابُ مُحَمَّدٍ صلى الله عليه وسلم أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ زَيْدٍ رَأَى الأَذَانَ فِي الْمَنَامِ . وَقَالَ شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ زَيْدٍ رَأَى الأَذَانَ فِي الْمَنَامِ . وَهَذَا أَصَحُّ مِنْ حَدِيثِ ابْنِ أَبِي لَيْلَى . وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي لَيْلَى لَمْ يَسْمَعْ مِنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الأَذَانُ مَثْنَى مَثْنَى وَالإِقَامَةُ مَثْنَى مَثْنَى . وَبِهِ يَقُولُ سُفْيَانُ الثَّوْرِيُّ وَابْنُ الْمُبَارَكِ وَأَهْلُ الْكُوفَةِ . قَالَ أَبُو عِيسَى ابْنُ أَبِي لَيْلَى هُوَ مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى كَانَ قَاضِيَ الْكُوفَةِ وَلَمْ يَسْمَعْ مِنْ أَبِيهِ شَيْئًا إِلاَّ أَنَّهُ يَرْوِي عَنْ رَجُلٍ عَنْ أَبِيهِ .

বাংলা

১৯৪. আবূ সাঈদ আল আশাজজ (রহঃ) ...... আবদুল্লাহ ইবনু যায়দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, আযান ও ইকামত উভয় ক্ষেত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর (আমলে) কালেমাগুলো দুই দুইবার করে বলা হত। - তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ওয়াকী (রহঃ) আবদুর রহমান ইবনু আবী লায়লা (রহঃ) থেকে বর্ণনা করেন যে, আবদুর রহমান বলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীগণ বলেছেন যে, আবদুল্লাহ ইবনু যায়দ রাদিয়াল্লাহু আনহু স্বপ্নে আযানের কালেমাগুলো দেখেছিলেন। শু’বা আমর ইবনু মুররা আবদুর রহমান

ইবনু আবী লায়লা রাদিয়াল্লাহু আনহু এর সূত্রে বলেন যে, আবদল্লাহ ইবনু যায়দ রাদিয়াল্লাহু আনহ স্বপ্নে আযানের বিষয়টি দেখেছিলেন। ইবনু আবী লায়লার রিওয়ায়াতটি থেকে এটি অধিতর সহীহ। আবদুর রাহমাম ইবনু আবী লায়লা (রহঃ) আবদুল্লাহ ইবনু যায়দ (রাঃ) থেকে সরাসরি কিছু শুনেননি। কতক আলিম বলেন আযানের কালেমাগুলো দুই দুইবার করে এবং ইকামতের কালেমাগুলোও দুই দুইবার করে বলা হবে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবনু আবূ লায়লা হলেন, মুহাম্মদ ইবনু আবদির রাহমান ইবনু আবী লায়লা। তিনি ছিলেন কূফা অঞ্চলের কাযী। তিনি তাঁর পিতা আবদুর রহমান থেকে সরাসরি কিছু শুনেননি। ”জনৈক ব্যক্তি” এই বরাতে তিনি তাঁর পিতা থেকে রিওয়ায়াত করেন। সুফইয়ান ছাওরী, ইবনু মুবারাক ও কূফাবাসী আলিমগণ এই অভিমত ব্যক্ত করেছেন।

## English

Abdullah bin Zaid said:
"Allah's Messenger would say each phrase of the call (for prayer) two times, for the Adhan and the Iqamah."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17383

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন